# রেণেশাঁ আর্টিষ্টস্ এ্যান্ড রাইটাস্ এ্যাসোসিয়েশন

**RAWA** দূর্লভপুর শাখা রাওয়া

## প্রভাতসঙ্গীতের ৪৪ বছর পূর্তি উপলক্ষ্যে সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৬

**প্রারম্ভিক প্রতিযোগিতার স্থান : আনন্দমার্গ স্কুল, বেনাগাড়ি, দূর্লভপুর, বাঁকুড়া**

তারিখ : ২৯শে আগষ্ট ২০২৬ (শনিবার) বসে আঁকো প্রতিযোগীতা। শুরু হবে দুপুর ২টায়।
৩০শে আগষ্ট, ২০২৫ (রবিবার) নৃত্য ও সঙ্গীত প্রতিযোগীতা। সকাল ৮:৩০ মি: থেকে

*** বিচারকমন্ডলী সম্পূর্ণ বহিরাগত * প্রবেশ মুল্য :- ব্যষ্টিগত - ১০০ টাকা, সমবেত - ২৫০ টাকা**

**পুরস্কার বিতরণ :: ৩০শে আগষ্ট বিকেল ৩.৩০ মি:**

| বিভাগ | জন্ম তারিখ | বিভাগ | জন্ম তারিখ |
|---|---|---|---|
| ক - | ১-১-২০১৬ বা তারপর | ঘ - | ১-১-২০০৬ -র আগে |
| খ - | ১-১-২০১১ থেকে ৩১-১২-২০১৫ | সমবেত - | যে কোন বয়সের কমপক্ষে ৫ জন ও উর্দ্ধে ৭ জন হতে পারবেন। |
| গ - | ১-১-২০০৬ থেকে ৩১-১২-২০১০ | | |

প্রারম্ভিক প্রতিযোগিতার ৭ দিন পূর্বে প্রবেশ মূল্যসহ অফ বা অনলাইনে নির্দিষ্ট স্থানে আবেদন পত্র ও জন্ম তারিখের সার্টিফিকেটের জেরক্স কপি জমা দিতে হবে।

**যোগাযোগ কেন্দ্র : আনন্দমার্গ স্কুল, বেনাগাড়ি, দূর্লভপুর, বাঁকুড়া।**

মো :-৯০০২১৬৪১৬৮ / ৮১০১৯৮৪৮৬২ / ৭৫৪৮০২৩৯৮

সুধী,

প্রতি বছরের ন্যায় এবছরও আমারা দুর্লভপুরে প্রভাত সঙ্গীত, প্রভাত সঙ্গীত অবলম্বনে নৃত্য ও অঙ্কনের প্রারম্ভিক প্রতিযোগিতা ও বিজয়ী প্রতিযোগীদের পুরস্কার ও অভিজ্ঞান পত্র দেওয়ার আয়োজন করেছি। আপনি / আপনার প্রতিষ্ঠানের ছাত্র / ছাত্রারা অংশগ্রহণ করে ত্রিস্তরীয় সাস্কৃতিক প্রতিযোগীতাটিকে সাফল্যমন্ডিত করুন- এই আহ্বান জানাই।

বিনীত-

রেণেশাঁ আর্টিষ্টস্ এ্যান্ড রাইটাস্ এ্যাসোসিয়েশন, দূর্লভপুর শাখা

**বিষয় :-** প্রভাত সঙ্গীত অবলম্বনে বসে আঁকো

| | | |
|---|---|---|
| ক) - জন্ম তারিখ ১-১-২০১৬ বা তারপর<br>* অরুণ এসেছে, রঙ ভেসেছে, ফুল হেসেছে গুলবাগিচায়।-<br>প্র:স:(৪৭৭৮)<br>খ) -জন্ম তারিখ ১-১-২০১১ থেকে ৩১-১২-২০১৫<br>* বুলবুলি নাচে গুলবাগিচাতে পাপিয়া গান গায়। -<br>প্র:স: - (১৫৪৬) | **প্রভাত সঙ্গীত অবলম্বনে অঙ্কন**<br>২৯শে আগষ্ট ২০২৬ (শনিবার) দুপুর ২টায়। | গ)- জন্ম তারিখ ১-১-২০০৬ থেকে ৩১-১২-২০১০<br>* আঁধার সাগর তীরে বসে বসে ভাবছি তুমি আসো যদি। আলোর নৌকো নিজ হাতে বেয়ে পার হয়ে ওই মহোদধি।-<br>প্র:স:- (৮৩৯)<br>ঘ) - জন্ম তারিখ -১-১-২০০৬ -র আগে<br>* ব্রজের কানু বাজিয়ে বেণু আজকে তুমি কেন এলে।-<br>প্র:স:- (৩২৯৮) |

**কোন বিষয়ের কোন বিভাগ কখন শুরু হবে**

-: **সঙ্গীত** :- ৩০শে আগষ্ট ২০২৬ (রবিবার)

| সময় | বিভাগ | সময় | বিভাগ |
|---|---|---|---|
| সকাল ৮-৩০ মি: | ক | দুপুর ১২-৩০ মি: | ঘ |
| সকাল ৯-০০ টায় | খ | দুপুর ১-৩০ মি: | সমবেত |
| বেলা ১১-৩০ মি: | গ | | |

-: **নৃত্য** :- ৩০শে আগষ্ট ২০২৬ (রবিবার)

| সময় | বিভাগ | সময় | বিভাগ |
|---|---|---|---|
| সকাল ৮-৩০ মি: | ক | দুপুর ১২-৩০ মি: | ঘ |
| সকাল ৯-০০ টায় | খ | দুপুর ১-৩০ মি: | সমবেত |
| বেলা ১১-৩০ মি: | গ | | |

প্রাক্ চূড়ান্ত (Pre-Final ) ও চূড়ান্ত (Final ) প্রতিযোগিতা - কলিকাতা ২০ শে সেপ্টেম্বর, ২০২৬ রবিবার।

**স্থান** :- রাওয়া, আনন্দমার্গ আশ্রম, ভি.আই.পি. নগর, তিলজলা, কলিকাতা-১০০

**বিষয় :- প্রভাত সঙ্গীত, প্রভাত সঙ্গীত অবলম্বনে অঙ্কন ও নৃত্য।**

## -: প্রতিযোগিতার নিয়মাবলী :-

প্রতিযোগীটি ত্রিস্তরীয় - প্রারম্ভিক (Priliminary ) প্রাক্ চুড়ান্ত (Pre-Final) ও চুড়ান্ত (Final)। প্রত্যেক প্রতিযোগীকে প্রারম্ভিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে। প্রারম্ভিক প্রতিযোগিতায় যাঁরা ৬০ বা তার বেশী নম্বর পেয়ে প্রথম ও দ্বিতীয় হবেন তাঁরা প্রাকচুড়ান্ত প্রতিযোগীতায় অংশগ্রহণ করতে পারবেন। প্রারম্ভিক প্রতিযোগিতায় যিনি তৃতীয় হবেন তিনি প্রাক্ চুড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণে সুযোগ না পেলেও প্রথম ও দ্বিতীয় স্থানাধিকারীর মতই পুরস্কৃত হবেন ও অভিজ্ঞান পত্র পাবেন। সমবেত নৃত্য ও সঙ্গীত প্রতিযোগিতার ক্ষেত্রে প্রারম্ভিক প্রতিযোগিতায় যে সংস্থা শতকরা ৬০ বা তার বেশী নম্বর পেয়ে প্রথম হবে সেই সংস্থা সরাসরি চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন। **কোন প্রতিযোগী একাধিক প্রারম্ভিক কেন্দ্রে প্রতিযোগীতায় অংশগ্রহণ করতে পারবেন না।**

## প্রতিযোগীদের প্রতি নির্দেশ

### -: সঙ্গীত :-

সঙ্গীত প্রতিযোগিতায় অংশগ্রহণকারীগনকে নিজস্ব হারমনিয়াম, বাঁয়া-তবলা ও তবলা বাদক সঙ্গে আনতে হবে।

**বানী -** শুদ্ধ, সুস্পষ্ট উচ্চারণেরদিকে নজর দিতে হবে। গানের বানী ভুল হলে নম্বর বাদ যাবে। বানী দেখে গাইলে ১০ নম্বর বাদ যাবে।

**সুর -** নির্দিষ্ট গানের সুরেই গাইতে হবে, অন্য সুর ব্যবহার করা চলবেনা। কলিগুলির পুনরাবৃত্তি গানের সুর অনুযায়ী করতে হবে। অন্যথায় ১০ নম্বর বাদ যাবে। গান অসম্পূর্ণ থাকলে অযোগ্য বলে গন্য হবেন।

**তাল/মাত্রা -** গানটি নির্দিষ্ট তালে ও লয়ে গাইতে হবে। প্রিলিউড ও ইন্টারলিউড মিউজিক সিডির/সিলেকট্রেড গান অনুযায়ী না করে **কেবল আস্থায়ীর সুর বাজাতে হবে নতুবা ১০ নম্বর বাদ যাবে।**

**ভাব-** ভাবের সঙ্গে একাত্ব হতে হবে, শান্তভাবে নিয়ন্ত্রিত আবেগে গাইতে হবে।

### -: নৃত্য :-

**তাল -** তালভ্রষ্ট হলে নম্বর বাদ যাবে।

**ভাব -** নৃত্যের মাধ্যমে ভাব ফোটাতে হবে।

**মুদ্রা -** ভাবের পরিস্ফুটনের পাশাপাশি ভাব অনুযায়ী মুদ্রা-শৈলী প্রদর্শন করতে হবে।

**পোষাক-** গানের ভাব অনুযায়ী (রুচিসম্মত ও শিষ্টাচার সম্মত পোষাক বাঞ্ছনীয়। ঘুঙুরের ব্যবহার আবশ্যিক নয়।

### -: অঙ্কন :-

১) আঁকার ক্ষেত্রে ক- বিভাগে মোম রং খ, গ ও ঘ বিভাগে জল রং ব্যবহার করতে হবে। কর্ত্তিপক্ষ কেবল ড্রইং শিট সরবরাহ করবে। সময় ২ ঘন্টা।

২) বিষয়বস্তুর ওপর ৬০ ও অঙ্কনের ওপর ৪০ নম্বর আছে। বিষয়বস্তু অঙ্কনের মাধ্যমে ফুটিয়ে তুলতে হবে। ভাবকে ফোটাতে দক্ষতা ও শিল্পসৌন্দর্যের প্রদর্শন করতে হবে।

*** প্রতি স্তরের প্রতিযোগিতায় বিচারকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। ***

## নাম জমা দেওয়ার ঠিকানা

আনন্দমার্গ স্কুল, পার্থ চট্টরাজ স্মৃতি ভবন, বেনাগাড়ি, দুর্লভপুর, বাঁকুড়া

মো :-৯০০২১৬৪১৬৮ / ৮১০১৯৮৪৮৬২ / ৭৫৪৮০২৩৯৮৪

**বি: দ্র: - প্রারম্ভিক প্রতিযোগিতায় প্রতেক বিষয়ের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারী ছাড়াও অংশগ্রহণকারী প্রত্যেক প্রতিযোগীকেই সান্তনা পুরস্কার দেওয়া হবে।**

# প্রভাতসঙ্গীতের ৪৪ বছর পূর্ত্তি উপলক্ষ্যে সাংস্কৃতিক প্রতিযোগিতা—২০২৬

**প্রভাতসঙ্গীত**

**প্রভাতসঙ্গীত অবলম্বনে নৃত্য**

## ক বিভাগ ঃ জন্ম তারিখ ঃ ১-১-২০১৬ বা তারপর

কোন্ তিমিরের পার হতে ফুটে উঠেছো মোর জীবনের ধ্রুবতারা।
কোন্ অমরার লোক হতে বয়ে এনেছো বসুধার সুধাধারা।।
এসো প্রভু প্রাণের ধূপে, এসো প্রভু মনের দীপে,
এসো প্রভু হৃদয়ের নীপে, সুরভিত করো এই ধরা।।
এসো প্রভু প্রাণের তানে, এসো প্রভু মনের গানে,
এসো প্রভু হৃদয়ের ছন্দে, জাগাও ঘুমায়ে আছে যারা।।

—প্রভাত সঙ্গীত (৩১)

মায়ামুকুরে কে কী ভাবে কী করে সবই জানো ওগো দেবতা।
প্রাণের স্পন্দন যুগবিবর্তন সবই শোনো গোপন কথা।।
তোমারে লুকায়ে কী কহিতে পারি, তোমারে ভুলায়ে কী ভাবিতে পারি।
সকল বিকাশ মাঝে তুমি আছো সব কাজে নীরব মধুরতা।।

—প্রভাত সঙ্গীত (১০)

## খ বিভাগ ঃ জন্ম তারিখ ঃ ১-১-২০১১ থেকে ৩১-১২-২০১৫

গীতিবিতানে বিশ্বপ্রাণে সম্বিৎ ঢেলে' দিয়েছ।
কে আপন-পর কে বাহির-ঘর সবারে নিকটে টেনেছ।।

আজ প্রভাতে দেখি চেয়ে আমি শুধু তোমায় নিয়ে।
তোমার নামে তোমার গানে মোর পরিচয় লিখেছ।।

আমিও পিছে থাকব নাকো, আমার কিছুই ভাবব নাকো।
যা ছিল আছে যা গেল গেছে, কেন না নিয়ে নিয়েছ।।

—প্রভাত সঙ্গীত (৪০৫৮)

তুমি কাছে এসে' কাণে কয়েছিলে আসব জেনো সেই মধুমাসে,
মধুমাসে গো মধুমাসে, রঙীন মধুমাসে কিশলয়ের মাসে।।
হয়তো বাতায়নে বসে' পথের পাশে থাকবে তুমি আমারই আশে।
আসবে ফাগুনে আবার অলির গুন্‌গুন্
গাইবে পিক-কেকায় রাগে নোতুন।
এক সে রূপকার যে লীলায় নিপুণ ভাসাবে ভালবাসাবে রাসে।।
সেদিন অনেক দূরে গেল চলে রবী-শশী তারা গেছে ভুলে।
সে সুর আজও মর্ম দেউলে স্পন্দিত করে মোর চিদাকাশে।।

—প্রভাত সঙ্গীত (৪৬০৩)

## গ বিভাগ ঃ জন্ম তারিখ ঃ ১-১-২০০৬ থেকে ৩১-১২-২০১০

এক ফালি চাঁদ শুধু আকাশে, তাতেই ধরা আলোতে ভাসে।
পূর্ণ চন্দ্র তুমি পূর্ণ রূপে এসো, জ্যোৎস্নায় ভরো মোর চিদাকাশে।।

অখণ্ড চেতনায় তুমি জ্যোতিসিন্ধু,
তোমাতে উদ্ভাসিত আছে যত বিন্দু।
তোমাকে ভোলা যায় না, মেঘ যায় আর আসে।।

জেনে' বা না জেনে' সবাই তোমারে চায়,
প্রীতিডোরে তোমারে সবাই কাছে পায়।
তুমি আছ তাই আছি তব সুধারসে।।

—প্রভাত সঙ্গীত (২০৩৬)

বেণু বাজিয়ে চলো শ্যাম।
বেণুর রেশে ভালবেসে' তোমায় আমি ভাবি অবিরাম।
নাচো মনোবৃন্দাবনে গোষ্ঠে গোষ্ঠে ধেনুর সনে।
রাখাল বেশে সঙ্গোপনে গোপী জানায় আভূমি প্রণাম।।
ব্রজভূমি অন্তরেতে সেই তো গোলোক বোধিচিতে।
ভাসছ অণু চিত্তাণুতে লীলা ভরে' হে অভিরাম।।

—প্রভাত সঙ্গীত (৪৯৭৬)

# প্রভাতসঙ্গীতের ৪৪ বছর পূর্তি উপলক্ষ্যে সাংস্কৃতিক প্রতিযোগিতা—২০২৬

## প্রভাতসঙ্গীত

## প্রভাতসঙ্গীত অবলম্বনে নৃত্য

### ঘ বিভাগ ঃ জন্ম তারিখ ঃ ১-১-২০০৬-র আগে

ছেয়ে নভঃঘন নীল গগনে তুমি এলে আজি।
মেখে কেতকী-পরাগ, পরাণে শিখি উঠিল নাচি'।।
সৌরভে যূথিকার বাতাস ভরিয়া গেছে,
বনবীথিকার মৃগ আকাশে চাহিয়া আছে।
ভেবে' তাদের কথা মননে বীণা উঠিল বাজি।।
কদম্বকেশরে পুলক ছড়িয়ে গেছে, বিন্দু বিন্দু উদক্,
তাতে আঁকা আছে।
দেখে নীপের শোভা নয়নে, ধরা উঠিল সাজি।। - প্রঃ সঃ (৩২২৮)

অথবা

আঁখিয়াঁ তুম্হীকো চাহ্তী হ্যাঁয়, পানেকো প্যাসী হ্যাঁয়।
.................................................................
কোয়েল রোয়ে খোনে কী লাজ্মেঁ বিনা চাঁদ অন্ধেরা হ্যায়।।
- প্রঃ সঃ (৪৭৩৩)

দূরবাসী বঁধু ঘুম ভাঙ্গায়ো কাছে আসি'।
যদি গো কুহেলীমায়ায় অকূলেতে ভাসি।।
দিন গেল বৃথা খেলায়, সন্ধ্যা আসে বুঝি অসময়।
প্রতি পলে হয় বৃথা আয়ুক্ষয়, ইশারায় কয় কালনিশি।।
শুনি আছো ওতঃপ্রোতে দুঃখে সুখে ভাবের স্রোতে।
অনাদি হতে অনন্তে, এই ভরসায় কাঁদি হাসি।।
—প্রভাত সঙ্গীত (৪৪৬৪)

### সমবেত ঃ যে কোন প্রতিষ্ঠানের পাঁচ থেকে সাত জন

আলোর সাগর পেরিয়ে দেখি, আরো কাছে আলো,
দেখি আলোর পরেও আলো।
মন্দ সে দেশে নয় কেহই, ভালোর পাশে ভালো।।
তরুলতা ফুলে ফলে মলয় বাতে দোদুল দোলে।
মিষ্টি মানুষ মিষ্টি বলে শুধায় কী চায় বলো।।
নেইকো সেথায় জলবিদূষণ, হয়নি হাওয়া বিষে ভীষণ।
কলের ধোঁয়ায় গাছপালারা হয়নি সেথায় কালো।।
মানব মনের নেইকো কলুষ, গ্লানিতে নয় নত পুরুষ।
নারীর কথাও ভাবে সমাজ, বলে সামনে চলো।।
—প্রভাত সঙ্গীত (৩৯৯৩)

মানুষ, মানুষ, হারায়ে হুঁশ কোথায় চলেছ তুমি।
আকাশ বাতাস বিষিয়ে দিয়ে নরক করে' মর্ত্ত্যভূমি।।
বলে' থাক তুমি সেরা, পশুপাখী-উদ্ভিদেরা
তোমার চেয়ে ছোট, তুমি চল অভ্র চুমি'।
দেখছ না কালের ছায়া আসে গতি উৎক্রমি'
তোমার সকল দ্রুতি দমি'।।
বিধির বলে শ্রেষ্ঠ দেহী, বুদ্ধিবলে আকাশ বাহি
ছুটে চল তারায় তারায় বাধাতে না থামি'
—প্রভাত সঙ্গীত (১১৯০)

## প্রভাতসঙ্গীতাংশ অবলম্বনে অঙ্কন

| | |
|---|---|
| ✪ জন্ম তারিখ ঃ ১-১-২০১৬ বা তারপর | (ক) অরুণ এসেছে, রঙ ভেসেছে, ফুল হেসেছে গুলবাগিচায়। —(প্রঃসঃ-(৪৭৭৮) |
| ✪ জন্ম তারিখ ঃ ১-১-২০১১ থেকে ৩১-১২-২০১৫ | (খ) বুলবুলি নাচে গুলবাগিচাতে পাপিয়া গান গায়। — প্রঃসঃ- (১৫৪৬) |
| ✪ জন্ম তারিখ ঃ ১-১-২০০৬ থেকে ৩১-১২-২০১০ | (গ) আঁধার সাগর তীরে বসে বসে ভাবছি তুমি আসো যদি। আলোর নৌকো নিজ হাতে বেয়ে পার হয়ে ওই মহোদধি।। — প্রঃসঃ- (৮৩৯) |
| ✪ জন্ম তারিখ ঃ ১-১-২০০৬-র আগে | (ঘ) ব্রজের কানু বাজিয়ে বেণু আজকে তুমি কেন এলে। — প্রঃসঃ (৩২৯৮) |